অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্কের দিকে যে তুষার ও হিমশীতল তাপমাত্রা ধেয়ে আসছে সে বিষয়ে সতর্কতা অবলম্বন করতে গভর্নর কুওমো তাগিদ দিচ্ছেন

আপস্টেট নিউ ইয়র্কের অধিকাংশ স্থানে বুধবারের মধ্যে 6 থেকে 12 ইঞ্চি তুষারের আশঙ্কা করা হচ্ছে; লেক ইফেক্ট অঞ্চলের এলাকাগুলিতে সপ্তাহের শেষে এক ফুট বা তার বেশি তুষার জমতে পারে

বুধবারে স্টেটে আসতে যাওয়া আর্কটিক বায়ুর সাথে ঠাণ্ডা বাতাস যুক্ত হয়ে সম্ভাব্য জীবন-ঝুঁকিতে ফেলার মতো হিম বাতাসের সৃষ্টি হবে

তুষার, বায়ু এবং হিমশীতল তাপমাত্রার ফলে পুরো স্টেটে যাতায়াতের পরিস্থিতি হবে ভীষণ বিপজ্জনক

জরুরি প্রতিক্রিয়ার জন্য প্রস্তুত হতে ও সহায়তা করতে স্টেটের জরুরি অপারেশন কেন্দ্র (Emergency Operations Center, EOC) সক্রিয় করা হয়েছে

গভর্নর কুওমো আজকে নিউ ইয়র্কবাসীকে স্টেটের দিকে ধেয়ে আসা তুষার ও ঠাণ্ডা তাপমাত্রার জন্য প্রস্তুত হওয়ার তাগিদ দিলেন। সোমবার সন্ধ্যা থেকে শুরু হয়ে বুধবার পর্যন্ত একাধিক আবহাওয়া সিস্টেম স্টেটের উপর দিয়ে যাবে বলে পূর্বাভাস রয়েছে, যার ফলে আপস্টেটের অনেক অংশে এক ফুট পর্যন্ত তুষার তৈরি হবে। পাশাপাশি, বুধবার আর্কটিক ঠাণ্ডা বাতাসের একটি ধাক্কা স্টেটে আঘাত করবে, যা হিমশীতল তাপমাত্রা ও জীবন-ঝুঁকিতে ফেলা ঠাণ্ডা বাতাসের নিয়ে আসবে। পূর্বাভাসের ফলে, গভর্নর কুওমো স্টেটের জরুরি অপারেশন কেন্দ্রকে তৃতীয় পর্যায়ে (Level 3) সক্রিয় করেছেন, সম্ভাব্য যেকোনো জরুরি প্রতিক্রিয়া কার্যক্রমের জন্য প্রস্তুত হওয়ার জন্য ও সহায়তা করার জন্য।

পাশাপাশি, তুষার, বায়ু এবং ঠাণ্ডা তাপমাত্রার ফলে স্টেটের অনেক অংশে সোমবার রাতে থেকে শুরু হয়ে বুধবার পর্যন্ত যাতায়াত ভীষণ বিপজ্জনক হয়ে যাবে। অনেক এলাকায় উচ্চ বেগের বাতাসের ফলে প্রবল তুষারঝড়ের মতো পরিস্থিতির সৃষ্টি হবে এবং মারাত্মকভাবে তুষার উড়বে ও ভাসবে, এবং তাপমাত্রা আরো শীতল হয়ে রাস্তাঘাটে কালো বরফ জমার ঝুঁকি রয়েছে। নিউ ইয়র্কবাসীর উচিত সতর্কতা অবলম্বন করা এবং শুধু প্রয়োজন হলেই যাতায়াত করা।

"নিরাপত্তা আমাদের এক নম্বর অগ্রাধিকার, এবং আমরা আরো একবার নিউ ইয়র্কবাসীকে আসন্ন শীতকালীন আবহাওয়ার জন্য প্রস্তুত হতে এবং এই সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতিতে সাবধানে যাতায়াত করার জন্য তাগিদ

দিচ্ছি", **গভর্নর কুওমো বলেন।** "স্টেট এজেন্সিগুলি পুরোদমে প্রস্তুতিমূলক অপারেশন চালাচ্ছে এবং প্রয়োজনমত স্থানীয়দের সাহায্য করার জন্য পুরো সপ্তাহে নিয়োজিত থাকবে।"

রাজধানী অঞ্চল, কেন্দ্রীয় নিউ ইয়র্ক, মধ্য-হাডসন, মোহক ভ্যালি, উত্তর দেশ, এবং সাউদার্ন টিয়ার অঞ্চলে সোমবার দেরি করে শুরু হয়ে বুধবার সকাল পর্যন্ত 6 থেকে 12 ইঞ্চি তুষার পড়তে পারে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। দক্ষিণ অ্যাডিরন্ড্যাক্সে স্থানীয় ভাবে তুলনামূলক বেশি তুষার, যা 15 ইঞ্চি পর্যন্ত হতে পারে, পড়তে পারে। এই সময়ে, পশ্চিম নিউ ইয়র্কে শাটোকুয়া রিজের এলাকাগুলিতে এবং উত্তর নিউ ইয়র্কের টাগ হিল প্ল্যাটু এর অংশবিশেষে লেক ইফেক্টের কারণে উল্লেখযোগ্য বেশি পরিমাণ তুষার দেখতে পারে।

এইসব প্রারম্ভিক সিস্টেমের পরে, আর্কটিক বাতাসের একটি ধাক্কা স্টেটে জমে যাওয়ার মতো ঠাণ্ডা তাপমাত্রা নিয়ে আসবে যা বুধবার থেকে শুরু হবে এবং শুক্রবার পর্যন্ত স্থায়ী হবে। পূর্বাভাস অনুযায়ী, দিনের তাপমাত্রা একক সংখ্যায় বা তের-উনিশের মধ্যে থাকবে এবং রাতে অনেক অঞ্চলে তা শূন্যের নিচে নেমে যাবে। হিমশীতল তাপমাত্রার সাথে ঠাণ্ডা বাতাস মিলিত হয়ে অনেক স্থানে জীবন-ঝুঁকিতে ফেলার মতো ঠাণ্ডার আশঙ্কা করা হচ্ছে।

নিউ ইয়র্কবাসীদের সর্বশেষ তথ্য পেয়ে আপডেট থাকতে তাদের স্থানীয় আবহাওয়া রিপোর্টগুলোতে গভীর মনোযোগ দেয়া উচিত। সেইসাথে, ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) স্টেটের বেশিরভাগ অঞ্চলের জন্য ইতিমধ্যে বন্যা এবং শীতকালীন আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কতা এবং পরামর্শ জারি করেছে। আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস ওয়েবসাইট।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ স্টেট এজেন্সি ও স্থানীয় সরকারের সাথে সমন্বয় অব্যাহত রেখেছে এটি নিশ্চিত করার জন্য যাতে স্টেটের দশটি রিজিওনাল স্টকপাইলের সংস্থান ঝড়ের পুরো সময় জুড়ে সহজলভ্য থাকে। স্টেট EOC-এর কর্মীরা এবং রিজিওনাল কর্মীরা প্রয়োজনমত যেকোন সমস্যার সমাধান করতে প্রস্তুত আছে।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)

স্টেটের পরিবহন অধিদপ্তর, প্রয়োজন হলে 1,598টি প্লাও ট্রাক, যার মধ্যে 98টি রিজার্ভ ট্রাক অন্তর্ভুক্ত, নিয়ে প্রস্তুত আছে।

পাশাপাশি, অধিদপ্তরের রয়েছে 51টি টো প্লাও, 326টি বড় লোডার, 39টি স্নোব্লোয়ার, 19টি গ্রেডার, 203টি মাঝারি প্লাওসহ পিকআপ ট্রাক, 34টি ট্রাক্টর ট্রেলার, এবং 369,424 টনের বেশি লবণ। শীতকালীন ঝড়ের আগে রাস্তা নিরাপদ রাখতে সহায়তা করার জন্য প্রয়োজন হলে এই সরঞ্জাম, সেইসাথে প্রায় 3,900 অপারেটর ও সুপারভাইজার নিয়োগ করা হবে।

পাশাপাশি, 35টি বড় প্লাও ট্রাক, দুইটি স্নো ব্লোয়ার, 70 জন অপারেটর, ছয়জন সরঞ্জাম অপারেটর নির্দেশক, 10 জন সুপারভাইজার, আটজন মেকানিক, দুইজন মেকানিক সুপারভাইজার এবং দুইজন ঘটনা কমান্ড

সিস্টেম (Incident Command System, ICS) সমর্থন কর্মী নিজেদের হোম রিজিওন থেকে অন্যান্য এলাকায় নিম্নোক্তভাবে নিয়োজিত হয়েছেন।

- মোহক ভ্যালিঃ এই অঞ্চলটি লং আইল্যান্ড থেকে পাবে পাঁচটি বড় প্লাও ট্রাক, 10 জন অপারেটর এবং দুইজন সুপারভাইজার।
- সেন্ট্রাল নিউ ইয়র্কঃ এই অঞ্চল সাউদার্ন টিয়ার থেকে পাবে পাঁচটি বড় প্লাও ট্রাক, 10 জন অপারেটর, দুইজন মেকানিক এবং দুইজন সুপারভাইজার; মধ্যে-হাডসন অঞ্চল থেকে পাবে দুইজন মেকানিক; লং আইল্যান্ড থেকে পাবে চারজন মেকানিক ও একজন সুপারভাইজার; এবং রাজধানী অঞ্চল থেকে পাবে সুপারভাইজার।
- পশ্চিম নিউ ইয়র্কঃ এই অঞ্চল ফিঙ্গার লেকস থেকে পাবে 11টি বড় প্লাও ট্রাক, 22 জন অপারেটর এবং একজন সুপারভাইজার; সাউদার্ন টিয়ার থেকে পাবে চারটি বড় প্লাও ট্রাক, আটজন অপারেটর এবং একজন সুপারভাইজার; মধ্য-হাডসন অঞ্চল থেকে পাবে একটি স্নো ব্লোয়ার; ফিঙ্গার লেক্স থেকে পাবে একজন সরঞ্জাম অপারেটর নির্দেশক; সাউদার্ন টিয়ার থেকে পাবে একজন সরঞ্জাম অপারেটর নির্দেশক; এবং রাজধানী অঞ্চল থেকে একজন ICS সমর্থন কর্মী সদস্য।
- নর্থ কান্ট্রিঃ এই অঞ্চল লং আইল্যান্ড থেকে পাবে 10টি বড় প্লাও ট্রাক, 20 জন অপারেটর, একটি স্নো ব্লোয়ার এবং চারজন সুপারভাইজার; এবং রাজধানী অঞ্চল থেকে পাবে একজন ICS সমর্থন কর্মী সদস্য।
- মিড-হাডসন ভ্যালিঃ এই অঞ্চল লং আইল্যান্ড থেকে পাবে দুইটি সরঞ্জাম অপারেটর নির্দেশক এবং সাউদার্ন টিয়ার থেকে পাবে দুজন সরঞ্জাম অপারেটর নির্দেশক।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

পাশাপাশি, সম্প্রতি গভর্নর ঘোষণা করেন যে স্টেটের পরিবহন অধিদপ্তর শীতকালীন পরিস্থিতিতে নিরাপদে গাড়ি চালানো প্রচার করার জন্য একটি নতুন জন শিক্ষা ক্যাম্পেইন শুরু করেছে। একটি নতুন ওয়েবসাইট, ভিডিও এবং সোশ্যাল মিডিয়া মোটরচালকদের তুষার ও বরফ পরিস্থিতিতে নিরাপদে গাড়ি চালাতে অনুপ্রাণিত করবে, এবং গাড়িচালকদের তাগিদ দিবে যাতে তারা স্নো প্লাওগুলিকে নিরাপদে কাজ করার জন্য যথেষ্ট জায়গা প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটি র 664 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 244 টি বড় স্নো প্লাও, 127 টি মাঝারি স্নো প্লাও, 11 টি টো প্লাও এবং 55 টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 108,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা সাইন আপ করতে পারে ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য যা থ্রুওয়ের সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি প্রদান করে, রিয়েল-টাইম তথ্যের জন্য, মোটরচালকরা অনুসরণ করতে পারে টুইটারে @ThruwayTraffic বা www.thruway.ny.gov ভিজিট করে যেখানে তারা থ্রুওয়ে ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য রাস্তার ট্র্যাফিক পরিস্থিতি প্রদর্শনকারী একটি ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে পারবে।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)
জনসেবা অধিদপ্তর ইউটিলিটির সিনিয়র নির্বাহীদের সাথে যোগাযোগ রাখছে নিশ্চিত করার জন্য যে ঝড়ো আবহাওয়া মোকাবেলায় তারা প্রস্তুত, এবং তারা ইউটিলিটির ঝড়-প্রস্তুতি প্রচেষ্টা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে এটি নিশ্চিত করার জন্য যে বিভ্রাট সর্বনিম্ন করার জন্য এবং পুনঃস্থাপন দ্রুততার সাথে করার জন্য ইউটিলিটিগুলি প্রস্তুত আছে। বিদ্যুৎ ও গ্যাস ইউটিলিটি ও ভেরিজোনের (Verizon) মতো টেলিযোগাযোগ সেবা প্রদানকারীরা ঝড় পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং সেবার ব্যাঘাত ঘটলে তা সর্বনিম্ন রাখার জন্য অতিরিক্ত কর্মী নিয়ে প্রস্তুত আছে।

ইউটিলিটি সেবার ব্যাঘাত ঘটলে তার সমাধানে ইউটিলিটিগুলি দিনে 24 ঘন্টা কাজ আছে এবং প্রয়োজন হলে আবশ্যিকভাবে তাদের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা বাস্তবায়ন করবে, যার মধ্যে রয়েছে কাস্টোমারদের হিমশীতল তাপমাত্রার আশঙ্কার ব্যাপারে যথার্থ বার্তা পাঠানো এবং জীবন-রক্ষা সরঞ্জামের সাথে যুক্ত বা অন্যান্য জরুরি কাস্টোমারদের সাথে যোগাযোগ করা। অধিদপ্তরের কর্মীরা ঝড়ের সময় ইউটিলিটিগুলির প্রচেষ্টা পর্যবেক্ষণ করতে থাকবে।

ইউটিলিটিগুলি কাস্টোমারদের ঝড় এবং নিরাপত্তা তথ্য প্রদান করতে পারবে অথবা কাস্টোমাররা তথ্যের জন্য অধিদপ্তরের কল সেন্টারে ফোন করতে পারে। 1-800-342-3377 নম্বরে ফোন করে PSC হেল্পলাইনের সাথে যোগাযোগ করা যাবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
ক্ষতিগ্রস্ত এলাকায় প্রয়োজনমত অতিরিক্ত টহল নিয়োজিত করতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ তৈরি আছে। সকল চার-চাকার গাড়ী নিয়োগ করা হবে এবং স্নোমোবাইল ও ইউটিলিটি টাস্ক গাড়ীর মত বিশেষ গাড়ী কাজে নিয়োজিত হওয়ার জন্য তৈরি আছে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation)
ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন পুলিশ কর্মকর্তা, ফরেস্ট রেঞ্জার্স (Forest Rangers), জরুরি ব্যবস্থাপনা (Emergency Management) কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির উন্নতি পর্যবেক্ষণ করছেন এবং ঝড়ে আক্রান্ত হতে পারে এমন এলাকাগুলি সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। স্নোমোবাইল ও ইউটিলিটি যানসহ বিদ্যমান সকল সংস্থান যেকোনো জরুরি পরিস্থিতিতে সহায়তার জন্য প্রস্তুত আছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority, NYPA) | ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি পরিস্থিতি পর্যবেক্ষণ করে যাচ্ছে এবং জরুরি ব্যবস্থাপনা কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখছে।

রিলিজ ও পরিস্থিতির পরিবর্তন ও ক্রমবর্ধমান বিপদের ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল কর্পোরেশন যা NYPA এর একটি সাবসিডিয়ারি, স্টেটের ক্যানাল সিস্টেমের তীরবর্তী পানিবিদ্যুৎ এনটিটিগুলির সাথে নিয়মিত যোগাযোগ রাখছে। ক্যানাল কর্পোরেশন পুরো স্টেটের ক্যানাল সিস্টেমে সম্ভাব্য বন্যা প্রভাব প্রশমিত করার জন্য স্বপ্রনোদিত পদক্ষেপ নিয়েছে এবং মোহক নদীর তীরবর্তী অবস্থানসহ জানা বরফ জমাট অবস্থানগুলিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে।

স্কেনেক্টেডি ও মন্টগোমারি কাউন্টির ইরি ক্যানাল লক 8-10 এ লকের আশেপাশে বরফ জমাট বেঁধে গেলে তা অপসারণ করাতে পাঠানোর জন্য ক্যানাল কর্পোরেশন একটি ঠিকাদার স্ট্যান্ডবাই রেখেছে।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- আপনার যদি একটি ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগ যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।

শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। গাড়ি চালানো শুরু করার আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো গাড়ি চালানোর চাবিকাঠি। কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে বাতাসে থাকা তুষারের কারণে ছোট শিশুদের দেখা নাও যেতে পারে। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটি নিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।
এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে

বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

তীব্র ঠাণ্ডায় নিরাপত্তা

মৌসুমী পোশাক-আশাক পরিধান করুন

- ঢোলা, হালকা, একাধিক আস্তরণ-বিশিষ্ট গরম কাপড় পরিধান করুন। আস্তরণের মধ্যে আটকে পড়া বাতাস ইনস্যুলেটরের কাজ করে। ঘাম হওয়া এড়াতে, যেটা থেকে ঠাণ্ডা লেগে যেতে পারে, কাপড়ের আস্তরণ খুলে ফেলা যেতে পারে। বাইরের পোশাক দৃঢ়ভাবে বোনা, পানি রোধক এবং মাথার টুপি-যুক্ত হতে হবে।
- মাথায় সবসময় একটি হ্যাট বা টুপি পরিধান করুন কারণ আপনার শরীরের প্রায় অর্ধেক তাপমাত্রা মাথার খোলা তালু দিয়ে বেরিয়ে যেতে পারে।
- আপনার ফুসফুসকে তীব্র শীত থেকে সুরক্ষা দিতে স্কার্ফ দিয়ে মুখমণ্ডল ঢেকে রাখুন।
- কব্জি ঢাকতে হাতমোজার চেয়ে দস্তানা অধিক কার্যকর কারণ আঙুলগুলো পরস্পরের সংস্পর্শে অধিক উষ্ণ থাকে।

হাইপোথারমিয়া

দীর্ঘ সময় ঠাণ্ডা তাপমাত্রায় থাকলে হাইপোথারমিয়া হতে পারে, বিশেষ করে শিশু ও বৃদ্ধদের। নিম্নোক্ত উপসর্গগুলোর দিকে খেয়াল রাখুন:

- মনোযোগ দিতে না পারা
- দুর্বল সমন্বয়
- কথায় অস্পষ্টতা
- ঘুমঘুম ভাব
- অবসাদ
- তীব্র কাঁপুনির পর হঠাৎ করে কাঁপুনি থেমে যাওয়া

কোনো ব্যক্তির শরীরের তাপমাত্রা যদি 95 ডিগ্রি ফারেনহাইটের নিচে নেমে যায়, তাহলে তৎক্ষণাৎ জরুরি চিকিৎসা সহায়তা নিন। ভেজা কাপড় খুলে ফেলুন, রোগীকে গরম কম্বল দিয়ে মুড়ে ফেলুন, এবং বাইরের সাহায্য আসার আগ পর্যন্ত রোগীকে গরম, অ্যালকোহল ও ক্যাফেইন বিহীন তরল পান করতে দিন।

ফ্রস্টবাইট

শীতের দিনে যারা বাইরে কাজ করে বা খেলাধুলা করে তাদের অজ্ঞাতেও ফ্রস্টবাইট হতে পারে। ফ্রস্টবাইট রোগের শুরুর দিকে কোনো ব্যথা করবে না, সুতরাং নিম্নের বিপদ সংকেতগুলোর প্রতি লক্ষ্য রাখবেন:

- প্রথমত, ত্বকে অসাড়তা বোধ হতে পারে এবং রঙিন হয়ে যেতে পারে। তারপর এটি সাদা বা ধূসর-হলদে রূপ নিতে পারে। ফ্রস্টবাইটে আক্রান্ত ত্বক স্পর্শেই শিরশিরে অনুভূতি হতে পারে।

- ফ্রস্টবাইট হতে পারে সন্দেহ হলে, রোগীকে একটি উষ্ণ স্থানে সরিয়ে নিন। আক্রান্ত স্থানটি গরম ও শুকনো কিছু দিয়ে ঢেকে দিন। কখনো ঘষাঘষি করবেন না।
- তারপর অতিসত্বর কোনো ডাক্তারের কাছে অথবা হাসপাতালে নিয়ে যান।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন